গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(নেজারত শাখা)
www.joypurhat.gov.bd

নম্বর-০৫.৪৩.৩৮০০.০০৬.০৪.০৪৮.১৮- ৯৯০৮ তারিখ: ১১/১২/২০১৮ খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৯/১২/২০১৮ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩৪.১৬-২৮০ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক জয়পুরহাট জেলার সাধারণ প্রশাসনে জেলা প্রশাসকের কার্যালয় ও আওতাধীন অফিসসমূহের জন্য নিম্নবর্ণিত শূন্যপদ অস্থায়ীভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত জয়পুরহাট জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে শর্তসাপেক্ষে এক পাতার নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

ক্র. নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১	পরিচ্ছন্নতাকর্মী	০২(দুই) টি	৮২৫০-২০০১০/-	৮ম শ্রেণী বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ
২	মালি	০১(এক) টি	৮২৫০-২০০১০/-	৮ম শ্রেণী বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ

শর্তাবলীঃ

০১। নির্ধারিত আবেদন ফরম ও প্রবেশপত্র জয়পুরহাট জেলার www.joypurhat.gov.bd ওয়েব পোর্টাল এবং এ কার্যালয়ের নেজারত শাখা হতে সংগ্রহ করা যাবে। আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী তথ্য প্রদান করতে হবে। প্রবেশপত্রের প্রযোজ্য অংশ স্বহস্তে পূরণ করতে হবে।

০২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও জয়পুরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৩। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৪। জেলা প্রশাসক, জয়পুরহাট বরাবর আবেদন করতে হবে।

০৫। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

০৬। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০২(দুই) কপি ৫ X ৫ সে.মি. এবং ০১(এক) কপি স্ট্যাম্প আকারের রঙিন ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

(খ) প্রার্থীকে ১-০৭৪২-০০০০-২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে ৫০/-(পঞ্চাশ) টাকা জমা দিয়ে চালানের মূল কপি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে ।

(গ) স্বহস্তে পুরণকৃত প্রবেশপত্র।

(ঘ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম ও ঠিকানা সংবলিত ১৫/- (পনের) টাকার ডাক টিকিট লাগানো ৯.৫ ইঞ্চি X ৪ ইঞ্চি সাইজের একটি খাম সংযুক্ত করেত হবে।

০৭। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের গত ১৯/০৬/২০১৭ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং স্মারকে জারিকৃত পরিপত্র এবং ১৭/০১/২০১৮খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭/২৫ নং স্মারকে জারিকৃত সংশোধিত পরিপত্রের নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত ছক পুরণ করে এবং ছকে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

প্রার্থীর নাম পিতার নাম ও ঠিকানা	মুক্তিযোদ্ধার নাম পিতার নাম ও ঠিকানা	প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ	মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী	মুক্তিযোদ্ধার জন্ম তারিখ	মন্তব্য
		(নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/ মেয়ে পক্ষ উল্লেখসহ)	১। লাল মুক্তিবার্তা নম্বরঃ ২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বরঃ ৩। গেজেট নম্বর ও তারিখঃ ৪। সাময়িক সনদের নম্বর ও তারিখঃ ৫। বামুস সনদের নম্বর ও তারিখঃ (ক্রমিক নং ১ ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩ নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ ও ৫ নং ক্রমিকে বর্ণিত উভয় অথবা যে কোন একটি প্রমাণক দাখিল করতে হবে)	১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখঃ ২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখঃ ৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখঃ ৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/ পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখঃ	

০৮। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মুল কপি উপস্থাপন/দাখিল করতে হবেঃ

(ক) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরুপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র।

(খ) ৭ নং ক্রমিকে ছকে বর্ণিত কাগজপত্রের মুলকপি উপস্থাপন করতে হবে।

(গ) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

(ঘ) জাতীয় পরিচয়পেত্রর মুল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় কোন প্রার্থী চুড়ান্তভাবে নির্বাচিত হলে তাকে অস্থায়ী নিয়োগ প্রদান করা যেতে পারে। তবে এ ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক চুড়ান্ত যাচাই-বাছাই শেষে মুক্তিযোদ্ধার সঠিকতা সর্ম্পকে বিরুপ কোন তথ্য পাওয়া গেলে অস্থায়ী নিয়োগ বাতিল হবে এবং গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন মর্মে সংশ্লিষ্ট প্রার্থী যোগদানের সময় ৩০০/-(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারী পাবলিকের মাধ্যমে অঙ্গীকারনামা দাখিল করবেন।

(চ) মুক্তিযোদ্ধা কোটায় চুড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র দাখিল করতে হবে।মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রে তাঁর প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ০১ (এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোন মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য প্রদান করে ওয়ারিশপত্র গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে।

০৯। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ছায়ালিপি মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সিল থাকতে হবে।

১০। আগামী ২৭/১২/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে আবেদনপত্র জেলা প্রশাসক,জয়পুরহাট বরাবর পৌঁছাতে হবে। সরাসরি এ কার্যালেয় কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না । মিথ্যা, ভুয়া, অসম্পূর্ণ, ত্রুটিপর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।

১১। প্রার্থীর বয়সসীমা ২৭/১২/২০১৮ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ।

১২। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সর্ম্পকিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের দাবিদার প্রার্থীকে তার দাবীর স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে। অন্যথায় তার দাবী অগ্রাহ্য বলে গণ্য হবে। কোটার দাবীদার প্রার্থীদের প্রমাণক/সনদ বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে জেলা নির্বাচনি বোর্ড/সাক্ষাৎকার বোর্ডের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৩। নির্বাচনি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদের কান টি এ/ডি এ প্রদান করা হবে না।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন,সংযোজন,বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা কম বা বেশি করার ক্ষমতা সংরক্ষণ করেন ।

১৬। আবেদন পত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে । এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

২২/১২/২০১৮

(মোহাম্মদ জাকির হোসেন)
জেলা প্রশাসক
জয়পুরহাট
ফোন : ০৫৭১-৬২২০৮
ফ্যাক্সঃ ০৫৭১-৬২৫৪৬
dcjoypurhat@mopa.gov.bd

স্মারক নং : ৩১.৪৩.৩৮০০.০২০.০১.০২৯ .১৮- ৯১০৮(২০০) তারিখঃ১১/১২/২০১৮খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সচিব, অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৪। জেলা প্রশাসক---(সকল)
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা,জেলা পরিষদ, জয়পুরহাট
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার, জয়পুরহাট
০৭। পুলিশ সুপার, জয়পুরহাট
০৮। সিভিল সার্জন, জয়পুরহাট
০৯। নির্বাহী প্রকৌশলী,গণপূর্ত/ সড়ক ও জনপথ /এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট
১১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ,জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল ,জায়পুরহাট
১২। উপজেলা নির্বাহী অফিসার ,জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট
১৩। মেয়র, জয়পুরহাট/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল পৌরসভা, জয়পুরহাট
১৪। উপ-পরিচালক--- জয়পুরহাট
১৫। জেলা --- অফিসার,জয়পুরহাট
১৬। নেজারত ডেপুটি কালেক্টর/রেভিনিউ ডেপুটি কালেক্টর/জেনারেল সার্টিফিকেট অফিসার/ভূমি অধিগ্রহ কর্মকর্তা, জয়পুরহাট
১৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা-- শাখা ,জয়পুরহাট কালেক্টরেট, জয়পুরহাট
১৮। সহকারী কমিশনার(ভূমি) জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট
১৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা । তাঁকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
২০। জেলা তথ্য অফিসার,জয়পুরহাট । তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
২১। অফিসার-ইন-চার্জ,জয়পুরহাট /পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল থানা, জয়পুরহাট
২২। চেয়ারম্যান--- ইউনিয়ন পরিষদ, জয়পুরহাট
২৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা-----------------------------ইউনিয়ন ভূমি অফিস------------------------------- জয়পুরহাট
২৪। সম্পাদক, দৈনিক ইত্তেফাক/দৈনিক করতোয়া।
উপরোক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার ভিতরের পাতায় একদিনের জন্য ৩ ইঞ্চি X ১৫ ইঞ্চি আকারে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো এবং বিজ্ঞাপনের ০৫(পাঁচ) কপি জেলা প্রশাসক, জয়পুরহাট বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
২৬। নোটিশ বোর্ড

১১/১২/১৮
জেলা প্রশাসক
জয়পুরহাট